কুষ্টিয়ায় ধান ও চাল সংগ্রহ কার্যক্রমের উদ্বোধন

জেলায় সরকারীভাবে বোরো মৌসুমের ধান ও চাল সংগ্রহ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে শহরের বড় বাজারে সদর খাদ্য গুদামে এ ধান ও চাল সংগ্রহ কর্মসূচির উদ্ধোধন করেন খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন।

উদ্বোধন শেষে তিনি বলেন, কুষ্টিয়া ধান চাল সংগ্রহের একটি গুরুত্বপূর্ণ জেলা। মানসম্মত ধান, চাল সংগ্রহ করা, কৃষকরা যাতে মধ্যেসত্য ভোগীদের কারনে ক্ষতিগ্রস্ত না হয় এবং মিল মালিক ও প্রশাসন যাতে একে অপরকে প্রতিপক্ষ না ভাবে এ তিনটি বিষয়ে সমন্বয় টা যাতে বজায় থাকে সেটা লক্ষ্য রেখে এবারের সংগ্রহ অভিযান শুরু করা হয়েছে। সেক্ষেত্রে সাংবাদিক ও স্থানীয় জনপ্রতিনিধীদের সহযোগিতা কামনার পাশাপাশি এ ধান ও চাল সংগ্রহ কর্মসূচি সফল হবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

এসময় কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক সুবীর নাথ চৌধুরীসহ চালকল মালিক সমিতির নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। এবার জেলায় ৪০টাকা কেজি দরে ৩৬ হাজার ৪শ ১টন চাল ও ২৭ টাকা কেজি দরে ৪ হাজার ৮শ ৩৫ টন ধান সংগ্রহের লক্ষ্য মাত্রা ধরা হয়েছে

কুষ্টিয়ায় চেক জালিয়াতি মামলায় ৪ জনের কারাদণ্ড

কুষ্টিয়ায় চেক জালিয়াতি মামলায় চার আসামিকে বিভিন্ন মেয়াদে সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সেই সঙ্গে তাদের প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। বুধবার বিকেলের দিকে কুষ্টিয়া অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় দেন।

১০ বছরের কারাদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন কুষ্টিয়া কুমারখালী উপজেলার শ্রীপুর গ্রামের লতিফ মোল্লার ছেলে সবুজ মোল্লা ও কুষ্টিয়া সদর উপজেলার ইবি থানার পূর্ব আব্দালপুর গ্রামের মৃত তবিবুর রহমানের ছেলে শফিউদ্দিন।

৭ বছরের কারাদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন কুষ্টিয়া সদর উপজেলার ইবি থানার ঝাউদিয়া গ্রামের দরবেশ ফকিরের জামাই মজনু খা। তবে মজনুর বাবার নাম আব্দুর রহিম এবং মাদারীপুর সদর উপজেলার গুনশি গ্রামের আক্কেল আলীর ছেলে নান্নু শেখ।
রায় ঘোষণার সময় আসামি শফিউদ্দিন আদালতে উপস্থিত ছিলেন। রায় ঘোষণার পরপরই পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয় তাকে। অপর তিন আসামি পলাতক রয়েছেন।

আদালত সূত্রে জানা গেছে, ২০১২ সালের ৭ নভেম্বর সোনালী ব্যাংকের হরিনারায়ণপুর শাখায় রাহাত টেইলার্স অ্যান্ড বস্ত্রবিতান প্রতিষ্ঠানের মালিক আজিজুল হকের নামে চলতি হিসাব খোলেন কুষ্টিয়ার কুমারখালী উপজেলার শ্রীপুর গ্রামের আব্দুল লতিফ মোল্লার ছেলে সবুজ মোল্লা। ওই হিসাবের বিপরীতে একই দিন ১০ পাতার একটি চেক বই সবুজকে ইস্যু করে ব্যাংক।

সবুজের কাছ থেকে সেই চেক বই নিয়ে ২০১২ সালের ১৮ নভেম্বর দুটি পাতার মাধ্যমে ৬ লাখ টাকা উত্তোলন করেন কামাল ও আজম নামের দুই ব্যক্তি। এতে জড়িত থাকেন সোনালী ব্যাংক হরিনারায়ণপুর শাখার কর্মকর্তা-কর্মচারীরা।

এ ঘটনায় ২০১২ সালের ২০ নভেম্বর সোনালী ব্যাংকের হরিনারায়ণপুর শাখার ম্যানেজার গোলাম মোস্তফা বাদী হয়ে চারজনের বিরুদ্ধে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় থানায় একটি অভিযোগ করেন।

তদন্ত শেষে তাদের বিরুদ্ধে ২০১৭ সালের ৬ মার্চ আদালতে অভিযোগপত্র দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা নজরুল ইসলাম ও তাপস সরকার। জন্য সাক্ষীর সাক্ষ্য-প্রমাণ শেষে অপরাধ প্রমাণিত হওয়ায় আসামি সফিউদ্দিন ও সবুজকে ১০ বছর এবং মজনু ও নান্নুকে ৭ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত।

আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অনুপ কুমার নন্দী বলেন, চেক জালিয়াতি মামলায় দোষী প্রমাণিত হওয়ায় চার আসামিকে বিভিন্ন মেয়াদে সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সাজাপ্রাপ্ত তিন আসামি পলাতক রয়েছেন। এ মামলায় আদালতে উপস্থিত ছিলেন একজন আসামি। তাকে

রায় ঘোষণার পরপরই পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয়।

কোটচাঁদপুরে বাবাকে মারপিটের অভিযোগে ছেলে গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে অবসরপ্রাপ্ত এক স্কুল শিক্ষক পিতাকে মারপিটের অভিযোগে ছেলে তৌফিকুর রহমান চপল (৪০) কে গ্রেফতার করেছে পুলিশ। গত মঙ্গলবার রাতে তাকে গ্রেফতার করা হয়।

জানা যায়, পৌর শহরের বাসিন্দা কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক লুৎফর রহমানের পরিবারে স্ত্রী ও ৪ ছেলে-মেয়ে আছে। বেশ কিছু দিন যাবত জমি-জমা সংক্রান্ত নিয়ে গোলযোগ চলছিল।

বিষয়টি নিয়ে মঙ্গলবার সন্ধ্যায় পরিবারের সদস্যদের সঙ্গে বাক-বিতন্ডা হয়। এক পর্যায়ে ছেলে তৌফিকুর রহমান উত্তেজিত হয়ে বৃদ্ধ পিতা লুৎফর রহমান সহ দুই বোনকে মারপিট করে। এতে তারা গুরতর আহত হয়।

স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে চিকিৎসা দেয়। এঘটনায় স্কুল শিক্ষকের মেয়ে শারমিন আক্তার বাদী হয়ে কোটচাঁদপুর মডেল থানায় মামলা দায়ের করেন। যার নম্বর-৪।

ভুক্তভোগী শিক্ষক লুৎফর রহমান জানান, জমিজমা সংক্রান্ত বিষয় নিয়ে তাদের মধ্যে প্রায়ই গোলাযোগ হত। এবং ছেলে তৌফিক তাদেরকে মারধর করতো। মঙ্গলবার সন্ধায় ছেলে তৌফিক ভিটেবাড়ির জমি তার নামে দেওয়ার জন্য চাপ দেয়। এক পর্যায়ে ক্ষিপ্ত হয়ে সে আমার উপর হামলা চালায়। এসময় আমার দুই মেয়ে বাধা দিতে আসলে তাদের উপরও হামলা চালায়।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার উপ-পরিদর্শক প্রকাশ চন্দ্র সরকার বলেন, পিতাকে মারপিটের মামলায় ছেলে তৌফিকুর রহমান চপলকে গ্রেফতার করা হয়েছে।

[redacted]

[redacted]

দর্শনায় সোয়াবিন তেল মজুদ রাখার অপরাধে দুই প্রতিষ্ঠানের জরিমানা

দর্শনায় অভিযান চালিয়ে ২ হাজার লিটার সোয়াবিন তেল অবৈধভাবে মজুদ রাখার অপরাধে মেসার্স মা এন্টার প্রাইজ ও শাহ এন্টারপ্রাইজের মেয়াদত্তীর্ণ মালামাল রাখার অপরাধে ৬০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার অধিদপ্তর।

জানাগেছে বুধবার বিকাল সাড়ে তিনটার দিকে দর্শনা পুরাতন বাজার মেসার্স মা এন্টার প্রাইজের স্বত্বাধিকারী রাজিবুল ইসলাম ও শাহ এন্টার প্রাইজের সত্বাধিকারী শাহিন শাহ সায়মনের দোকানে অভিযান চালায়।

এ সময় মেসার্স মা এন্টার প্রাইজের দোকানে ও গোডাউনে লুকিয়ে রাখা ২ হাজার পিচ (১ লিটার) বোতলজাত সোয়াবিন তেল উদ্ধার করে। পরে ভোক্তা অধিকার ও পুলিশ উপস্থিত থেকে সাধারন মানুষের কাছে বোতলের রেট ধরে বিক্রি করে।

এ অভিযানে নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা জেলার ভোক্তা অধিকারের উপ সহকারি পরিচালক সজল আহম্মেদ ও দর্শনা থানার এসআই আসলাম উদ্দিন।

এ ঘটনায় ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহম্মেদ মেহেরপুর প্রতিদিনকে বলেন, আমরা জানতে পারি গত মার্চ মাসে অবৈধভাবে তেল মজুদ করে বাজার সংকট দেখিয়ে বাড়তি দামে বিক্রি করছে। আমরা সে সংবাদ পেয়ে দর্শনা পুরাতন বাজার মেসার্স মা এন্টার প্রাইজে অভিযান পরিচালনা করে দোকানসহ গোডাউনে চুরি করে রাখা ২ হাজার লিটার সোয়াবিন তেল জব্দ করি। পরে ঐ তেল বোতলের রেট ধরে সাধারন মানেষের কাছে বিক্রি করি। তিনি আরও বলেন, বাজারে কৃত্তিম সংকট দেখিয়ে মজুদ করে রাখে তাহলে কোন ব্যবসায়ীদের ছাড় হবে না।

[redacted]

[redacted] [redacted] [redacted] [

নিহতের মরদেহ কুষ্টিয সদর থানা পুলিশ উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে নিয়েছেন। ময়না তদন্ত শেষে স্বজনদের কাছে মরদেহ সোপর্দ করা হবে। নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

উন্নয়ন কর্মী হেলাল উদ্দীন জানান, শিশুদের শ্রমিক হিসেবে নিম্ন বেতন দিয়ে কাজ করিয়ে সে বড় অপরাধ সংঘঠিত করেছে। প্রশাসনের উচিৎ আইনগত ব্যবস্থা নেয়া।

মেহেরপুরে ড. এম,এ ওয়াজেদ মিয়ার মৃত্যু বার্ষিকী পালিত

মেহেরপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জামাতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রয়াত স্বামী বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার ১৩ মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

বুধবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর বশিগপ কমিউনিটির সভাপতি অধ্যাপক নূরুল আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সদর উপজেলা বশিগপ মেসমক ও সভাপতি প্রফেসর মোঃ রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা শাখা বশিগপের সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ সাইদুর রহমান।

এছাড়াও এসময় মেহেরপুর জেলা শাখা বশিগপের সহ-সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্ত্তী প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠান শেষে মরহুমের আত্মার শান্তি কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

স্বপ্ন, ধান তোলা নিয়ে উৎকণ্ঠায়

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় এক সপ্তাহের ব্যবধানে দু’দফায় বৃষ্টি এবং ঘূর্ণিঝড় অসনির কারনে গত কয়েক দিন ধরে থেমে থেমে বৃষ্টির কারনে ক্ষেতের পাকা ধানে ব্যাপক ক্ষতি হয়েছে।

এতে চরম হতাশায় পড়েছে কৃষক। একদিকে শ্রমিক সঙ্কট, অন্য দিকে বৈরী আবহাওয়া যেন তাদের গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। ক্ষেতে কেটে রাখা ধান ঘূর্নিঝড় অশনি বৃষ্টির পানিতে ভাসছে। ধানের ফলন ও দাম ভালো হলেও কৃষকের মুখে হাসি নেই। ধান ঘরে তোলার মুহূর্তে বৈরী আবহাওয়া ও ভারী বৃষ্টির কারণে চাষিরা পড়েছেন উৎকণ্ঠায়। এ ছাড়া শ্রমিক সঙ্কটে ধান ঘরে তোলা নিয়ে খুব চিন্তায় পড়েছেন প্রান্তিক কৃষকরা।তার পরেও মরার উপর খাড়ার ঘা চরম শ্রমিক সংকট। বৃষ্টির কারণে মাঠ কর্দমাক্ত হাওয়াই বেড়েছে শ্রমিকের মজুরি, বেড়েছে পরিবহন খরচ। যে ধান নিয়ে কৃষক স্বপ্ন দেখেছিল সে স্বপ্ন এখন অনেকটাই মলিন।

এ উপজেলায় ঈদের পর থেকে ধান কাটা শুরু হয়েছে। তবে বৈরী আবহাওয়া কৃষকদের ভাবিয়ে তুলেছে। বৃষ্টি হওয়ায় অনেক কৃষক তাদের আধা পাকা ধান কেটে ঘরে তোলার চেষ্টা করছেন। এ সময় পুরোদমে ধানকাটার মৌসুম শুরু হলেও এখনও অধিকাংশ কৃষক ক্ষেতের ধান ঘরে তুলতে পারেনি। আর ২-১ সপ্তাহের মধ্যে মাঠের পাকা ধানগুলো কেটে ঘরে তুলে নেয়ার অপেক্ষায় ছিল। এদিকে সপ্তাহ পার না হতেই ফের গত সোমবার থেকে থেমে থেমে বৃষ্টি হওয়ায় মাঠের পর মাঠ পাকা ধান মাটিতে নূইয়ে পড়েছে। অনেক জমিতে কেটে রাখা ধান বৃষ্টির পানিতে ভাসছে। ধানের সঙ্গে ভাসছে কৃষকদের স্বপ্নও।

উপজেলা কৃষি অফিসের তথ্যমতে, মুজিবনগর উপজেলায় ধানচাষের লক্ষমাত্রা ধরা হয়েছিলো ৩ হাজার ৩ শত ৩০ হেক্টোর। চাষ হয়েছে ৩ হাজার ৫’শ ১৫ হেক্টোর বেশি জমিতে বোরো চাষ হয়েছে। লক্ষ্যমাত্রার চেয়ে ১৮৫ হেক্টর জমিতে বোরো ধান বেশি চাষ হয়েছে।

এরমধ্যে মাত্র ৩০ থেকে ৪০ ভাগের মত ধান বাড়িতে এনে পালা দিয়ে রেখেছেন আর গুলো ক্ষেতেই পড়ে ঘূর্ণিঝড় অশনি বৃষ্টির পানিতে ভিজছে।

উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, গত সোমবার থেকে থেমে থেমে বৃষ্টি ও ঝড়ো হাওয়ায় মাঠের পর মাঠ পাকা ধান মাটিতে নূইয়ে পড়েছে। অনেক জমিতে জমে থাকা পানি কেটে রাখা ধানের ওপড়ে উঠে গেছে। এ বিষয়ে উপজেলার বাগোয়ান ইউনিয়েনের বল্লভপুর গ্রামের চাষী রবিউল ইসলাম জানান, এ বছর আড়ায় বিঘা জমিতে বোরো চাষ করেছিলাম। কষ্টার্জিত ফসল ঘরেতোলার আগেই বৃষ্টির পানিতে ভিজে গেছে তার জমির কেটে রাখা পাকা ধান। কিছু ধান জমিতে কলিয়ে গেছে। একই এলাকার আরো অনেক কৃষক জানান, তাদের কিছু পরিমান ধান ঘরে তুলতে পেরেছেন বাকি কাটা ধান পানিতে ভিজছে,মাঠের আনেক কাটা ধান পানিতে ভাসছে।

মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খান জানান, উপজেলায় এ বছর বোরো ধানের আবাদ লক্ষমাত্রা চেয়ে বেশিই হয়েছে। তেমনি ভাবে ফলনও ভালো হয়েছিলো। গত সোমবার হতে ঘূর্ণিঝড় অশনি প্রভাবে বৃষ্টির কারণে যে সমস্ত বোরো ক্ষেত তলিয়ে গেছে সে সমস্ত ক্ষেতের আইল কেটে দ্রুত পানি বের করে দিতে হবে। তা ছাড়া যেসব ক্ষেতে ধান নুয়ে পড়েছে সেসব ক্ষেতের ধান দ্রুত কাটার জন্য আমরা কৃষকদের পরামর্শ দিচ্ছি। আমরা কৃষকদের পাশে আছি। মাঠে গিয়ে কম্বাইন্ড হারভেস্টার মেশিন হস্তান্তর করছি। যাতে করে কৃষকদের কষ্টে অর্জিত ফসল ভালভাবেই সংগ্রহ করতে পারে।

ক্যাপশন:: শ্রমিকের মজুরি বেশি হাওয়ায় মুজিবনগর উপজেলার নাগার মাঠের পানিতে ডুবে যাওয়া কাটা ধান তুলে ডাঙ্গায় নিয়ে আসছে কৃষক ও নাবালক ছেলেরা।

গাংনীতে মোটরসাইকেল নিয়ন্ত্রণে হারিয়ে একজন আহত

পল্লী বিদ্যুতের ট্রান্সমিটার বিস্ফোরণের শব্দে মোটরসাইকেল নিয়ন্ত্রণে হারিয়ে আব্দুল মান্নান (৫৫) নামের এক ব্যবসায়ী মারত্বাক আহত হয়েছেন। আহত আব্দুল মান্নান গাংনী পৌর সভার চৌগাছা গ্রামের নুর মোহাম্মদ বিশ্বসের ছেলে।

মঙ্গলবার রাত সাড়ে ৮ টার দিকে গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি

কারিগর পাড়া এলাকায় এ দূর্ঘটনাটি ঘটে। আহত আব্দুল মান্নান বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আহত আব্দুল মান্নান জানান, সাহারবাটি থেকে চৌগাছা নিজ গ্রামে আসার সময় সাহারবাটি কারিগর পাড়া এলাকায় আসার সময় হঠাৎ পল্লী বিদ্যুতের একটি ট্রান্সমিটার বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এতে আমি আতংকিত হয়ে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যায়। পরে স্থানীয়রা মূমূর্ষ অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসনে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী বিভাগে দায়ীত্বরত চিকিৎসক বোধাদীপ্ত দাশ পিকলু (বিডি দাশ) জানান, আহতের দু হাত, দুই পাসহ শরীরের বিভিন্ন অঙ্গে ক্ষত হয়েছে। তাকে ভর্তি রাখা হয়েছে।